গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ / ০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং ১৮৪-আইন/২০১১/৬০৭-মূসক।**- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :-

**১। সংক্ষিপ্ত শিরোনামা**।- এই বিধিমালা মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত রাবার বাগান হইতে রাবার অপসারণ (বিশেষ) বিধিমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**। - বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ( ১৯৯১ সনের ২২ নং আইন) ;

(খ) "রাবার বাগান" অর্থ এমন কোন স্থান বা এলাকা যেখানে রাবার গাছ হইতে নিঃসৃত রস (ল্যাটেক্স) আহরণ করা হয়, এবং উক্ত নিঃসৃত রস (ল্যাটেক্স) যে কারখানায় প্রক্রিয়াকরণ করা হয় তাহাও ইহার অন্তর্ভুক্ত হইবে ;

(গ) "পণ্যাগার" অর্থ এমন কোন উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে যে কোন পণ্য পণের বিনিময়ে বা অন্যকোন ভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয় এবং উক্তরূপ যে কোন পণ্য মজুদ, সংরক্ষণ বা নিষ্পত্তি সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল কর্মকান্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত যে কোনো ফরম ;

(ঙ) "বিধিমালা" অর্থ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ ;

(চ) "বিভাগীয় কর্মকর্তা" অর্থ শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ের দায়িত্বে নিয়োজিত বিভাগীয় কর্মকর্তা ;

(ছ) "রাজস্ব কর্মকর্তা" অর্থ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় বা সার্কেলের দায়িত্বে নিয়োজিত রাজস্ব কর্মকর্তা।

**৩। কর আদায় পদ্ধতি**।- আইনের অধীন প্রণীত অন্য কোন বিধিতে যাহা কিছুই থাকুক না কোন, রাবার বাগান বা পণ্যাগার হইতে অপসারিত রাবার, smoked sheets, Technically Specified Natural Rubber (TSNR) ইত্যাদির ক্ষেত্রে আরোপণীয় মূল্য সংযোজন কর এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে আদায় করা হইবে।

**৪। উৎপাদিত অথবা প্রক্রিয়াকরণকৃত রাবার সংক্রান্ত তথ্য সংরক্ষণ**।- রাবার বাগান কর্তৃপক্ষ তৎকর্তৃক উৎপাদিত অথবা বিধি ৫ এর অধীন প্রক্রিয়াকৃত রাবার এর পরিমাণ, মজুদ ও

সরবরাহ সংক্রান্ত যাবতীয় তথ্য ফরম 'ঙ' তে বর্ণিত ছকে লিপিবদ্ধ করিবে এবং উহা রেজিস্টার আকারে সংরক্ষণ করিবে।

৫। **রাবার প্রক্রিয়াকরণ**।- (১) যে সকল রাবার বাগানে রাবার প্রক্রিয়াকরণের জন্য নিজস্ব কারখানা নাই সে সকল রাবার বাগান কারখানা সংবলিত অন্য কোন রাবার বাগানে রাবার গাছ হইতে নিঃসৃত রস (লেটেক্স) প্রক্রিয়াকরণ করিতে পারিবে।

(২) বিশেষ প্রক্রিয়ায় রাবার প্রস্তুতের জন্য পুনঃ প্রক্রিয়াকরণের প্রয়োজনে উক্ত রাবারের উপকরণ এক রাবার বাগান হইতে অন্য রাবার বাগানে পরিবহনের জন্য ফরম 'চ' এর দুইটি অনুলিপি প্রস্তুত করিতে হইবে; মূল অনুলিপি উপকরণ পরিবহনে ব্যবহৃত যানবাহনের সহিত গ্রহণকারী রাবার বাগানে প্রেরণ করিতে হইবে এবং দ্বিতীয় অনুলিপি সরবরাহকারীকে রাবার বাগানে সংরক্ষণ করিতে হইবে।

৬। **রাবার অপসারণ**।- (১) মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে কোনো রাবার বাগান হইতে রাবার অপসারণের পূর্বে উক্ত রাবার বাগান কর্তৃপক্ষকে ফরম 'ক' পূরণ করিয়া উহার তিনটি অনুলিপি প্রস্তুত করিতে হইবে; মূল অনুলিপি রাবার পরিবহনে ব্যবহৃত যানবাহনের সহিত পণ্যাগারে প্রেরণ করিতে হইবে, দ্বিতীয় অনুলিপি রাবার অপসারণের আটচল্লিশ ঘন্টার মধ্যে রাজস্ব কর্মকর্তা এর নিকট প্রেরণ করিতে হইবে এবং তৃতীয় অনুলিপি সংশ্লিষ্ট রাবার বাগানে সংরক্ষণ করিতে হইবে।

(২) পণ্যাগার, বা ক্ষেত্রমত, রাবার বাগান কর্তৃপক্ষ মূল অনুলিপি প্রাপ্তির চব্বিশ ঘন্টার মধ্যে উহার সত্যায়িত দুইটি অনুলিপির মধ্যে একটি পণ্যাগার সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তার নিকট এবং অপরটি রাবার বাগান সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তার নিকট প্রেরণ করিবে।

(৩) উপ-বিধি (১) এ বর্ণিত রাবার পণ্যাগারে পৌছানোর পর বা উক্ত পণ্যাগার হইতে রাবার সরবরাহের পর পণ্যাগার কর্তৃপক্ষ ফরম 'খ' তে বর্ণিত ছকে রাবার এর বিবরণ লিপিবদ্ধ করিবেন এবং উহা রেজিস্টার আকারে সংরক্ষণ করিবেন।

৭। **চালানপত্র**।- (১) সংশ্লিষ্ট রাবারের নিলাম সম্পন্ন হওয়ার পর নিলামকারী সংস্থা বাংলাদেশের অভ্যন্তরে ভোগের জন্য সরবরাহকৃত রাবার এর ক্ষেত্রে মূল্য সংযোজন কর এর পরিমাণ এবং রপ্তানির ক্ষেত্রে "শূন্য হার" প্রদর্শনপূর্বক ফরম 'গ' তে বর্ণিত ছকে ৪টি পৃথক চালানপত্র প্রস্তুত করিবে; প্রথম কপি সংশ্লিষ্ট পণ্যাগার বা ক্ষেত্রমত, বাগান কর্তৃপক্ষ, দ্বিতীয় কপি উক্ত রাবার এর ক্রেতা, তৃতীয় কপি উক্ত ক্রেতার স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় এবং চতুর্থ কপি নিলামকারী সংস্থা সংরক্ষণ করিবে।

(২) রপ্তানির নিমিত্ত পণ্যাগার বা রাবার বাগান হইতে রাবার অপসারণের ক্ষেত্রে বিধিমালার বিধি ২৭ এ বর্ণিত পদ্ধতি প্রযোজ্য হইবে।

(৩) বাংলাদেশের অভ্যন্তরে ভোগের নিমিত্ত রাবার সরবরাহের ক্ষেত্রে বিধিমালার বিধি ১৬ এ বর্ণিত পদ্ধতি প্রযোজ্য হইবে।

৮। **নমুনা রাবার**।- পণ্যাগার বা ক্ষেত্রমত, রাবার বাগান হইতে নিলাম ডাকের উদ্দেশ্যে নমুনা রাবার মূল্য সংযোজন কর প্রদান ব্যতিরেকে সরবরাহ করা যাইবে এবং উক্ত নমুনা রাবার এর মূল্য সংযোজন কর নিলামকৃত রাবার এর মূল্য সংযোজন করের সহিত আদায়যোগ্য হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নমুনা রাবার এর পরিমাণ সর্বমোট রাবার এর ০.৬ (শুন্য দশমিক ছয়) শতাংশের অধিক হইবে না।

National Board of Revenue

**৯। হিসাবরক্ষণ ও দাখিলপত্র প্রদান।-** (১) রাবার বাগান কর্তৃপক্ষ, পণ্যাগার কর্তৃপক্ষ, রপ্তানিকারক এবং নিলামকারী সংস্থা কর্তৃক হিসাবরক্ষণ ও দাখিলপত্র প্রদানের ক্ষেত্রে আইনের ধারা ৩১ ও ৩৫ এবং বিধিমালার বিধি ২২ ও ২৪ এর বিধানসমূহ প্রযোজ্য হইবে।

(২) পণ্যাগার কর্তৃপক্ষ বা রপ্তানিকারক শূন্যহারে মূল্য সংযোজন করের বিনিময়ে প্রাপ্ত ও সরবরাহকৃত রাবার এর একটি মাসিক বিবরণী ফরম 'ঘ' এর মাধ্যমে পরবর্তী মাসের বিশ তারিখের মধ্যে রাজস্ব কর্মকর্তা এর নিকট দাখিল করিবে এবং রাজস্ব কর্মকর্তা উক্ত বিবরণী ও তৎসংশ্লিষ্ট দলিলপত্র যাচাইপূর্বক রাবার প্রেরণ ও গ্রহণের সত্যতা সম্পর্কে একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট রাবার বাগান কর্তৃপক্ষের এলাকার মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন।

**১০। মজুদ যাচাই।-** বিভাগীয় কর্মকর্তা প্রতি বৎসর কমপক্ষে একবার প্রত্যেকটি পণ্যাগার পরিদর্শন করিবেন এবং তৎসংক্রান্ত একটি প্রতিবেদন তৈরি করিয়া উহার অনুলিপি সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট এবং পণ্যাগার ও রাবার বাগান কর্তৃপক্ষকে প্রদান করিবেন।

**১১। কর পরিশোধ।-** (১) বিধিমালার বিধি ২২(১) এর দফা (ঘ) তে বর্ণিত পদ্ধতিতে পণ্যাগার বা ক্ষেত্রমত, রাবার বাগান কর্তৃপক্ষ একটি চলতি হিসাব ফরম-'ঙ' এর মাধ্যমে পুস্তক সংরক্ষণ করিবে এবং বিধিমালার বিধি ২৩ এ বর্ণিত পদ্ধতিতে নিলামে বিক্রিত রাবার এর মূল্য সংযোজন কর পরিশোধ করিবে।

(২) রাবার বাগান হইতে সরাসরি ভোগের জন্য সরবরাহকৃত রাবার এর মূল্য সংযোজন কর পরিশোধের ক্ষেত্রে রাবার বাগান কর্তৃপক্ষকে উপ-বিধি (১) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

**১২। কর রেয়াত।-** বাংলাদেশের অভ্যন্তরে ভোগের জন্য সরবরাহকৃত রাবারের ক্ষেত্রে আইনের ধারা ৯ অনুযায়ী উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে।

**১৩। দণ্ড।-** এই বিধিমালার কোনো বিধান লংঘন করা হইলে লংঘনকারী ব্যক্তি আইনের ধারা ৩৭ এবং ৩৮ অনুযায়ী অর্থদণ্ডে দন্ডনীয় হইবেন।

**১৪। বিবিধ।-** এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোন রাবার বাগান আইন ও বিধিমালা অনুসারে মূল্য ঘোষণা করিয়া মূল্য সংযোজন কর পরিশোধপূর্বক বাগান হইতে রাবার সরবরাহ করিতে পারিবে।

National Board of Revenue

**"ফরম-ক"**

[বিধি ৬(১) দ্রষ্টব্য]

## রাবার বাগান হইতে পণ্যাগারে রাবার অপসারণের অবগতিপত্র

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাবার বাগানের নাম | ঃ | |
| | | নিবন্ধন নং | ঃ | |
| | | ঠিকানা | ঃ | |
| | | এলাকা কোড | ঃ | |
| ক্রমিক নং | ঃ | ইস্যুর তারিখ | ঃ | |
| পণ্যাগারের নাম | ঃ | যানবাহনের ধরন ও সংখ্যা | ঃ | |
| নিবন্ধন তাং | ঃ | নিবন্ধন নং | ঃ | |
| পরিবহণের তারিখ | ঃ | | | |

| ক্রম নং | মোড়কের বর্ণনা ও সংখ্যা | রাবারের বর্ণনা | প্রক্রিয়াকরণ রাবারের পরিমাণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | গ্রস | নীট | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |

আমি ঘোষণা করিতেছি যে, ওপরে বর্ণিত সকল তথ্য সঠিক ও সত্য।

রাবার বাগান কর্তৃপক্ষের স্বাক্ষর

নাম ঃ

পদবী ঃ

National Board of Revenue

"ফরম-খ"

[বিধি ৬(৩) দ্রষ্টব্য]

## মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত প্রাপ্ত রাবার ওয়্যার হাউজিং রেজিস্টার

পণ্যাগারের নাম ও ঠিকানা :      এলাকা কোড :

নিবন্ধন নং :

| প্রাপ্তি খতিয়ান | | | | | | | | সরবরাহের খতিয়ান | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | প্রারম্ভিক মজুদ | পণ্যাগারে রাবার আগমনের তারিখ | অবগতি পত্রের নং ও তারিখ | রাবার বাগানের নাম ও নিবন্ধন নং | মোড়কের সংখ্যা | রাবার এর বর্ণনা ও পরিমাণ | | পণ্যাগার হইতে রাবার সরবরাহের তারিখ | চালান পত্র নং | মোড়কের সংখ্যা | রাবার এর বর্ণনা ও পরিমাণ | | মোট মূল্য | মূল্য সংযোজন করের মোট পরিমাণ | সমাপনী মজুদ | ফরম 'গ' এর ক্রমিক নং ও তারিখ |
| | | | | | | গ্রস | নীট | | | | গ্রস | নীট | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | | ৮ | ৯ | ১০ | ১১ | | ১২ | ১৩ | ১৪ | ১৫ |

National Board of Revenue

"ফরম-গ"

[বিধি ৭(১) দ্রষ্টব্য]

## বিশেষ চালানপত্র (রাবার)

নিলামকারীর নাম :

ঠিকানা :

নিবন্ধন নং :

ক্রেতার নাম : ক্রমিক নং :

ঠিকানা : তারিখ :

নিবন্ধন নং : সময় :

| লট নং | মার্কস | গ্রেড | সংখ্যা | ওজন | | মূল্য (প্রতি কেজি) | মোট মূল্য | প্রদেয় মূল্য সংযোজন কর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | গ্রস | নীট | | | | |

নিলামকারীর স্বাক্ষর

নাম :

পদবী :

National Board of Revenue

"ফরম-ঘ"
[বিধি ৯(২) দ্রষ্টব্য]

বিশেষ চালানপত্র (রাবার)
[কেবলমাত্র রপ্তানীর ক্ষেত্রে প্রযোজ্য]

নিলামকারীর নাম ঃ
ঠিকানা ঃ
নিবন্ধন নং ঃ

ক্রেতার নাম ঃ
ঠিকানা ঃ
নিবন্ধন নং ঃ

ক্রমিক নং ঃ
তারিখ ঃ
সময় ঃ

| লট নং | মার্কস | গ্রেড | সংখ্যা | ওজন | | মূল্য (প্রতি কেজি) | মোট মূল্য | প্রদেয় মূল্য সংযোজন কর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | গ্রস | নীট | | | | |

নিলামকারীর স্বাক্ষর
নাম ঃ
পদবী ঃ

National Board of Revenue

"ফরম-ঙ"

[বিধি ১১(২) দ্রষ্টব্য]

## মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত প্রাপ্ত সরবরাহকৃত রাবার এর মাসিক বিবরণী

পণ্যাগারের নাম ও ঠিকানা : এলাকা কোড :

নিবন্ধন নং :

মাসের নাম :

| ক্রমিক নং | প্রাপ্তির খতিয়ান | | | | | | | সরবরাহের খতিয়ান | | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রারম্ভিক মজুদ | অবগতিপত্র/ বিশেষ সহায়ক চালান পত্রের নং ও তারিখ | রাবার এর সরবরাহকারীর নাম, ঠিকানা ও নিবন্ধন নং | মোড়কের সংখ্যা | রাবার এর পরিমাণ | মোট মূল্য | | বিশেষ সহায়ক চালান পত্রের নং ও তারিখ | ক্রেতার নাম ঠিকানা ও নিবন্ধন নং | মোড়কের সংখ্যা | রাবারের পরিমাণ | | মোট মূল্য | মূসক-১১ এর মাধ্যমে সরবরাহকৃত রাবারের পরিমাণ | মোট মূল্য | মূল্য সংযোজন করের পরিমাণ | |
| | | | | | গ্রস | নীট | | | | | গ্রস | নীট | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |

পণ্যাগার কর্তৃপক্ষ/রপ্তানীকারক এর স্বাক্ষর

নাম :

পদবী :

National Board of Revenue

"ফরম-চ"
[বিধি ৪ দ্রষ্টব্য]

## রাবার বাগান কর্তৃক রাবার এর উৎপাদন ও মজুদ বিবরণী

পণ্যাগারের নাম ও ঠিকানা ঃ

এলাকা কোড ঃ

নিবন্ধন নং ঃ

| তারিখ | প্রারম্ভিক জের | উৎপাদিত নিজস্ব রাবার এর পরিমাণ | অন্যের রাবার পাতা দ্বারা উৎপাদিত রাবার এর পরিমাণ | অন্যের উপকরণ দ্বারা পুনঃ প্রক্রিয়াজাত রাবার এর পরিমাণ | মোট রাবার এর পরিমাণ | অবগতি পত্রের মাধ্যমে সরবরাহকৃত রাবার এর পরিমাণ | | স্থানীয়ভাবে সরবরাহকৃত রাবারের পরিমাণ | | মোড়কের সংখ্যা | রাবার এর বর্ণনা ও পরিমাণ | | মোট মূল্য | মূল্য সংযোজন করের মোট পরিমাণ | সমাপনী মজুদ | ফরম 'গ' এর ক্রমিক নং ও তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | মোড়ক | কেজি | (ক) মোড়ক | (খ) কেজি | | গ্রস | নীট | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | | ৮ | | ৯ | ১০ | | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | | | |

National Board of Revenue

**"ফরম-ছ"**

[বিধি ৫(২) দ্রষ্টব্য]

## রাবার বাগান হইতে পুনঃপ্রক্রিয়াকরণের উদ্দেশ্যে প্রেরিত উপকরণ-এর চালানপত্র

রাবার বাগানের নাম ঃ
নিবন্ধন নং ঃ
এলাকা কোড ঃ

ইস্যুর তারিখ ঃ

প্রাপকের রাবার বাগানের নাম ঃ
যানবাহনের ধরন ও সংখ্যা ঃ
নিবন্ধন নং ঃ
পরিবহণের তারিখ ঃ

| ক্রমিক নং | তারিখ | বিনা করে প্রেরিত রাবার এর বিবরণ ও মোড়কের সংখ্যা | পুনঃপ্রক্রিয়াকরণের উদ্দেশ্যে প্রেরিত উপকরণ-এর পরিমাণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | (ক) গ্রস | (খ) নিট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

প্রেরণকারী রাবার বাগান কর্তৃপক্ষের স্বাক্ষর
নাম ঃ
পদবী ঃ

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( ড. মোঃ আব্দুর রউফ )
প্রথম সচিব (মূসক)

National Board of Revenue